

যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো স্থগিত করল ২৫ দেশ

- A Monitor Desk Report

Date: 27 August, 2025



ঢাকা: বিশ্বের অন্তত ২৫টি দেশ যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো স্থগিত করেছে বলে জানিয়েছে জাতিসংঘের ডাক খাতের দায়িত্বপ্রাপ্ত একটি সংস্থা।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ডাকযোগে পাঠানো পণ্যের ওপর থেকে শুল্ক অব্যাহতির নিয়ম বাতিল করায় এসব দেশ তাদের পরিষেবা স্থগিত করেছে।

মঙ্গলবার (২৬ আগস্ট) জাতিসংঘের ডাক খাত সংশ্লিষ্ট সংস্থা ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন (ইউপিইউ) এই তথ্য জানিয়েছে।

সুইজারল্যান্ডভিত্তিক এই সংস্থাটির ১৯২টি সদস্য দেশ রয়েছে। সদস্য দেশগুলোর ডাক বিভাগের মাঝে সহযোগিতা জোরদারে কাজ করে সংস্থাটি। ডাকযোগে পণ্য প্রেরণ স্থগিত নিয়ে সোমবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কে রুবিওর কাছে লেখা এক চিঠিতে উদ্বেগ জানিয়েছে ইউপিইউ।

তবে বিশ্বের কোন কোন দেশ বর্তমানে যুক্তরাষ্ট্রের সঙ্গে ডাকখাতের পরিষেবা স্থগিত করেছে, সেই বিষয়ে কোনও তথ্য প্রকাশ করেনি সংস্থাটি। যদিও অস্ট্রেলিয়া, নরওয়ে, সুইজারল্যান্ডসহ কয়েকটি দেশ ইতোমধ্যে প্রকাশ্যে যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো বন্ধের ঘোষণা দিয়েছে।

ইউপিইউয়ের বিবৃতিতে বলা হয়েছে, “২৫টি সদস্য দেশের ডাক অপারেটররা ইতোমধ্যে ইউপিইউকে যুক্তরাষ্ট্রে ডাকসেবা স্থগিত করা হয়েছে বলে জানিয়েছে। ট্রানজিট সেবার অনিশ্চয়তার কারণে এসব দেশ এই সিদ্ধান্ত নিয়েছে।”

আগামী ২৯ আগস্ট থেকে আন্তর্জাতিক চালানোর ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বৈশ্বিক ‘ডি মিনিমিস’ নামের ডাক খাতের শুল্কমুক্তির নিয়ম স্থগিত করা হবে বলে গত মে মাসে ঘোষণা দিয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মার্কিন প্রশাসনের এই শুল্কমুক্তির নিয়ম কার্যকর হওয়ার কয়েক দিন আগে বিশ্বের বিভিন্ন দেশের ডাকযোগে যুক্তরাষ্ট্রে পণ্য পাঠানো স্থগিতকারী দেশের সংখ্যা জানিয়েছে ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন।

যুক্তরাষ্ট্রের 'ডি মিনিমিস' শুল্কমুক্তির আওতায় ৮০০ ডলারের নিচের পণ্যের চালান শুল্কমুক্ত ও হালকা নথিপত্রের মাধ্যমে দেশটিতে পাঠানো যেত।

-B